## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| ০১ | উপজেলা/ মেট্রোপলিটন থানা ও জেলা সমবায় কার্যালয় | প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা<br>২. সহকারী পরিদর্শক<br>৩. জেলা সমবায় কর্মকর্তা<br>৪. পরিদর্শক<br>৫. অফিস সহকারী | সরকারি কর্মসূচির আওতাভুক্ত নয় এরূপ সমবায় সমিতি অর্থাৎ সাধারণ জনগণ ২০জন মিলে একটি প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন জেলা সমবায় অফিসার প্রদান করে থাকেন। এরূপ সমবায় সমিতি নিবন্ধন পেতে হলে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:<br>প্রাপ্তবয়স্ক কমপক্ষে ২০ জন সাধারণ জনগণের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা,২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র নিজে অথবা সহকারী পরিদর্শক সরজমিনে যাচাই করেন। যাচাই শেষে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার যাচাই প্রতিবেদন এবং আবেদনকারী কর্তৃক দাখিলকৃত রেকর্ডপত্র জেলা সমবায় অফিসার বরাবরে প্রেরণ করেন।<br>জেলা সমবায় অফিসারের নিবন্ধনের বিষয়ে আপত্তি না থাকলে নিবন্ধন প্রদান এবং নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সমবায় অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করেন।<br>নিবন্ধনের আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের পরিদর্শক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে নিবন্ধন প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা নিবন্ধন নামঞ্জুর করে নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করবেন। | ৭-৬০ দিন | ৩৪৫/- (তিনশত পঁয়তাল্লিশ টাকা) [তিনশত টাকা নিবন্ধন ফি এবং ১৫% ভ্যাট] | ১. সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪<br>৩. মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১<br>৪. সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ | যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয় |
| ০২ | বাংলাদেশ সমবায় একাডেমী/ ১০টি আঞ্চলিক সমবায় শিক্ষায়তন এবং জেলা ও উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয় | প্রশিক্ষণ প্রদান | ১. অধ্যক্ষ<br>২. উপাধ্যক্ষ<br>৩. অধ্যাপক<br>৪. সহকারী অধ্যাপক<br>৫. জেলা/উপজেলা/ থানা সমবায় অফিসার,<br>৬. প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক/ সহকারী পরিদর্শক | নিবন্ধিত সমবায় সমিতির কার্যক্রম পরিচালনাসংক্রান্ত, সমিতির আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ, আয়বর্ধকমূলক কর্মকাণ্ড পরিচালনা, আত্মকর্মসংস্থানের লক্ষ্যে কম্পিউটার প্রশিক্ষণ, সেলাই, পশুপালন, মৎস্য চাষ ইত্যাদি বিষয়ে সমিতির সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। উক্ত প্রশিক্ষণ প্রদানের জন্য বাংলাদেশ সমবায় একাডেমী এবং এর আওতাধীন ১০টি আঞ্চলিক সমবায় শিক্ষায়তন রয়েছে। উক্ত ১০টি প্রশিক্ষণ কেন্দ্র প্রতিবছর মে মাসে একটি বাৎসরিক প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন করে। প্রশিক্ষণ কর্মসূচি মোতাবেক প্রতি জেলায় নির্দিষ্টসংখ্যক সমবায়ী প্রেরণ করার জন্য আদেশ প্রদান করে। | ১-১৫ দিন | বিনামূল্যে (বাংলাদেশ সমবায় একাডেমী ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তনে প্রশিক্ষণার্থীদের দূরত্ব অনুযায়ী যাতায়াত ভাতা এবং নির্দিষ্ট হারে দৈনিক ভাতা প্রদান করা হয়।) | বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচিতে বর্ণিত নির্দেশনা মোতাবেক | ১. নিবন্ধক ও মহাপরিচালক<br>২. অধ্যক্ষ বাংলাদেশ সমবায় একাডেমী<br>৩. বিভাগীয় যুগ্ম-নিবন্ধক<br>৪.অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় শিক্ষায়তন<br>৫. জেলা সমবায় অফিসার |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| | | | | সে অনুযায়ী জেলা সমবায় অফিসার কর্তৃক তার অধীনস্থ উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারকে প্রশিক্ষণার্থী মনোনয়ন দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার নিজে অথবা ইতঃপূর্বে সমিতির আবেদনের প্রেক্ষিতে প্রশিক্ষণার্থী নির্বাচন করেন। এরপর নির্বাচিত প্রশিক্ষণার্থীকে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ গ্রহণের জন্য আদেশ প্রদান করেন। প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষণার্থীকে সনদ প্রদান করার মাধ্যমে প্রশিক্ষণের বিষয়টি সমাপ্ত করা হয়। অন্যদিকে ৬৪টি জেলা সমবায় কার্যালয়ে একটি ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট রয়েছে। উক্ত ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট সমবায় ব্যবস্থাপনার ওপর প্রশিক্ষণ প্রদান করে থাকে। এক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক সমিতি আবেদন করলে অথবা ভ্রাম্যমাণ প্রশিক্ষণ দল উদ্যোগী হয়ে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার কর্তৃক নির্ধারিত সমিতিতে গিয়ে ১ দিনের প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে। প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষণের বিষয়টি সমাপ্ত করা হয়। | | | | |
| ০৩ | ১. বিভাগীয় সমবায় কার্যালয়<br>২. সমবায় অধিদপ্তর | কেন্দ্রীয়/ জাতীয় সমবায় সমিতি নিবন্ধন | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা, সহকারী পরিদর্শক, অফিস সহকারী<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক<br>৩. বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | কেন্দ্রীয় বা জাতীয় সমবায় সমিতি নিবন্ধনের জন্য সাধারণ জনগণ সরাসরি আবেদন করতে পারে না। এক্ষেত্রে কেন্দ্রীয় সমবায় সমিতি নিবন্ধন পেতে কমপক্ষে ১০টি প্রাথমিক এবং জাতীয় সমবায় সমিতির জন্য কমপক্ষে ১০টি প্রাথমিক/কেন্দ্রীয় সমিতি একত্রিত হয়ে আবেদন করতে হয়। কেন্দ্রীয় সমবায় সমিতি বিভাগীয় সমবায় কার্যালয়ের বিভাগীয় যুগ্ম-নিবন্ধক এবং জাতীয় সমবায় সমিতি সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক কর্তৃক নিবন্ধন প্রদান করা হয়ে থাকে। কেন্দ্রীয়/জাতীয় সমবায় সমিতি নিবন্ধন পেতে হলে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:<br><br>**ক) কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে** কমপক্ষে ১০টি একই শ্রেণির নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনাকরত তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করেন। | ৭-৬০ দিন | ১১৫০.০০ টাকার ট্রেজারি চালান (১০০০.০০ টাকা নিবন্ধন ফি এবং ১৫% হিসেবে ১৫০.০০ টাকা ভ্যাট) | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪<br>৩. মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১<br>৪. . সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ | কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক, জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন সমবায় বিভাগ |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| | | | ৪. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক, পরিদর্শক | জেলা সমবায় অফিসার নিজে সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্ম-নিবন্ধক বরাবর অগ্রায়ন করেন। আবেদনপ্রাপ্তির পর বিভাগীয় যুগ্ম-নিবন্ধক বিবেচনায় সমিতিটি নিবন্ধনযোগ্য হলে নিবন্ধন প্রদান এবং নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সমবায় অফিসের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন।<br><br>নিবন্ধনের আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক দ্বারা সরজমিনে তদন্ত করিয়ে তদন্ত প্রতিবেদনের আলোকে নিবন্ধন প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা নিবন্ধন নামঞ্জুর করে নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট জেলা/উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করা হয়ে থাকে।<br><br>**খ) জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে** কমপক্ষে ১০টি একই শ্রেণির নিবন্ধিত কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনাকরত তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করেন। জেলা সমবায় অফিসার নিজে সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্ম-নিবন্ধক বরাবর অগ্রায়ন করবেন। যুগ্ম-নিবন্ধক রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র নিবন্ধক ও মহাপরিচালক বরাবর অগ্রায়ন করবেন।<br><br>আবেদনপ্রাপ্তির পর নিবন্ধক ও মহাপরিচালক বিবেচনায় সমিতিটি নিবন্ধনযোগ্য হলে নিবন্ধন প্রদান এবং নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করেন। | | | | |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| | | | | নিবন্ধনের আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের অতিরিক্ত নিবন্ধক/যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক কর্তৃক সরজমিনে তদন্ত করিয়ে তদন্ত প্রতিবেদনের আলোকে নিবন্ধন প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা নিবন্ধন নামঞ্জুর করে নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট যুগ্ম-নিবন্ধক/জেলা/উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। | | | | |
| ০৪ | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা কার্যালয়<br>২. জেলা সমবায় কার্যালয়<br>৩. বিভাগীয় সমবায় কার্যালয়<br>৪. সমবায় অধিদপ্তর | উপ-আইন সংশোধন | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>৩. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক ৪. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | সমিতির কর্মকাণ্ডের প্রয়োজনে নিবন্ধিত জাতীয়/কেন্দ্রীয়/প্রাথমিক সমিতির উপ-আইনের কোনো বিধান সংশোধন করতে পারে। এজন্য নিম্নলিখিত পদক্ষেপ অনুসরণ করতে হবে:<br><br>**ক) জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে:**<br>জাতীয় সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনাকরত তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করেন। জেলা সমবায় অফিসার নিজে সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্ম-নিবন্ধক বরাবর অগ্রায়ন করেন। যুগ্ম-নিবন্ধক প্রাপ্ত রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র নিবন্ধক ও মহাপরিচালক বরাবর অগ্রায়ন করেন। আবেদনপ্রাপ্তির পর নিবন্ধক ও মহাপরিচালক বিবেচনায় উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সমবায় অফিসের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। | ৭-৬০ দিন | বিনামূল্যে | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ | প্রাথমিক সমিতির ক্ষেত্রে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, কেন্দ্রী সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক এবং জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| | | | | উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের অতিরিক্ত নিবন্ধক/ যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক কর্তৃক সরজমিনে তদন্ত করার পর তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট যুগ্ম-নিবন্ধক/জেলা/উপজেলা/মেট্রোপলিটন থানা/সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন।<br><br>**খ) কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে**<br>কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনাকরত তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করেন। জেলা সমবায় অফিসার নিজে সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্ম-নিবন্ধক বরাবর অগ্রায়ন করেন। আবেদনপ্রাপ্তির পর যুগ্ম-নিবন্ধকের বিবেচনায় সমিতির উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করেন।<br><br>উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট জেলা/উপজেলা/মেট্রোপলিটন থানা/সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। | | | | |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| | | | | **গ) প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে**<br>প্রাথমিক সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হবে। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র নিজে বা তার কার্যালয়ের সহকারী পরিদর্শক কর্তৃক সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করবেন। আবেদনপ্রাপ্তির পর জেলা সমবায় অফিসারের বিবেচনায় সমিতিটি উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়ের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের পরিদর্শক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। | | | | |
| ০৫ | ১. জেলা সমবায় কার্যালয়<br>২. সমবায় অধিদপ্তর | বার্ষিক বাজেট অনুমোদন | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>৩. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | যেসকল সমবায় সমিতিতে সরকারের শেয়ার, ঋণ ও গ্যারান্টি আছে সেসকল সমবায় সমিতির বার্ষিক বাজেট নিম্নলিখিত পদ্ধতিতে অনুমোদন করা হয়:<br>**ক) জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে**<br>সমিতির প্রস্তাবিত বাজেট বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের পর উহা চূড়ান্ত অনুমোদনের জন্য সভার কার্যবিবরণীসহ নিবন্ধক, সমবায় অধিদপ্তর বরাবর আবেদন দাখিল করা হয়। প্রস্তাবিত বাজেট যাচাই-বাছাই শেষে যৌক্তিক বাজেট অনুমোদন এবং অনুমোদিত বাজেটের কপি সংশ্লিষ্ট অফিস ও সমিতির কর্তৃপক্ষের নিকট প্রেরণ। | ৩-৭ কর্মদিবস | বিনামূল্যে | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা-২০০৪ | প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে যুগ্ম-নিবন্ধক ও জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| | | | ৪. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | **খ) কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে**<br>সমিতির প্রস্তাবিত বাজেট বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের পর তা চূড়ান্ত অনুমোদনের জন্য সভার কার্যবিবরণীসহ উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার বরাবর দাখিল করতে হয়। উপজেলা সমবায় অফিসার পর্যালোচনা করে মন্তব্যসহ জেলা সমবায় অফিসারের নিকট প্রেরণ করেন। প্রস্তাবিত বাজেট যাচাই-বাছাই শেষে যৌক্তিক বাজেট অনুমোদন এবং অনুমোদিত বাজেটের কপি সংশ্লিষ্ট সমবায় অফিস ও সমিতির কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। | | | | |
| ০৬ | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়<br>২. জেলা সমবায় কার্যালয়<br>৩. সমবায় অধিদপ্তর | সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>৩. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | প্রতি সমবায় বর্ষে (জুন-জুলাই) সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাইয়ের বাধ্যবাধকতা রয়েছে। এই সেবা পেতে কোনো সমবায় সমিতিকে আবেদন করতে হয় না। জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক, কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত মূলধনের পরিমাণ ৫০,০০০/- টাকার ঊর্ধ্বে হলে জেলা সমবায় অফিসার এবং যেসমস্ত প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত মূলধন ৫০,০০০/- টাকার নিচে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার স্ব স্ব অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের প্রতিবছর এপ্রিল-মে মাসে অডিট অফিসার নিয়োগ/অডিট বরাদ্দ প্রদান করে থাকেন।<br><br>বরাদ্দপ্রাপ্ত বা নিয়োগকৃত অডিট অফিসার কর্তৃক অডিট নোটিশ জারি এবং নোটিশে উল্লিখিত নির্ধারিত সময়ে সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই করে সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাইয়ের প্রতিবেদন প্রস্তুত করে সংশ্লিষ্ট সমবায় অফিস ও সমিতির দপ্তরে প্রেরণ করেন। | ৫-৭০ দিন | সম্পাদিত অডিট প্রতিবেদনে উল্লিখিত নিট লাভের অডিট ফি-১০% ধার্যকৃত অডিট ফি এর ওপর ভ্যাট ৫% সিডিএফ ৩% | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা-২০০৪ | প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে যুগ্ম-নিবন্ধক, জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| ০৭ | উপজেলা/ মেট্রোপলিটন থানা/জেলা সমবায় অফিস/ সমবায় অধিদপ্তর | নির্বাচন কমিটি নিয়োগের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>৩. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | সমবায় আইন অনুযায়ী প্রতিটি সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ৩ (তিন) বছর। ফলে মেয়াদপূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন করার পদক্ষেপ গ্রহণ করতে হয়। সে লক্ষ্যে ব্যবস্থাপনা কমিটি গঠনের নিমিত্ত আবেদনকারী সমিতি নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪৫ দিন পূর্বে জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক বরাবরে, কেন্দ্রীয় ও যেসমস্ত প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্ধ্বে সেই সকল সমিতি উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে জেলা সমবায় অফিসার বরাবরে এবং পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকা পর্যন্ত উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার বরাবরে নির্বাচন কমিটি গঠনের আবেদন দাখিল করতে হয়। দাখিলকৃত আবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যাচাই-বাছাই শেষে নির্বাচন অনুষ্ঠানের ৪০ দিন পূর্বে নির্বাচন কমিটি গঠনের আদেশ প্রদান করেন এবং নির্বাচন কমিটি গঠনের আদেশটি সংশ্লিষ্ট নির্বাচন কমিটি/ সমিতি/দপ্তরে প্রেরণ করা হয়।<br><br>পরবর্তীতে নির্বাচন কমিটি কর্তৃক নির্বাচনী তফসিল জারি করা হয় এবং নির্বাচনী তফসিল মোতাবেক যাবতীয় কার্যক্রম শেষে নির্বাচনী ফলাফল ঘোষণা করেন। উক্ত নির্বাচনী ফলাফল সংশ্লিষ্ট প্রার্থী, সমিতি ও দপ্তরে প্রেরণ করা হয়। এরপর প্রাক্তন ব্যবস্থাপনা কমিটির নিকট হতে নব-নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি সমিতির দায়িত্ব ভার গ্রহণ করে ব্যবস্থাপনা কমিটি গঠনের কার্যক্রম শেষ হয়। | ৪৫ দিন | বিনামূল্যে | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা-২০০৪ | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের ক্ষেত্রে জেলা সমবায় অফিসার<br>২. জেলা সমবায় অফিসারের ক্ষেত্রে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক<br>৩. যুগ্ম-নিবন্ধকের ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক<br>৪. নিবন্ধক ও মহাপরিচালকের ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ০৮ | উপজেলা/ মেট্রোপলিটন থানা/জেলা/ বিভাগীয় সমবায় অফিস/ সমবায় অধিদপ্তর | অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>৩. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | সমবায় আইন অনুযায়ী প্রতিটি সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ৩ (তিন) বছর। ফলে মেয়াদপূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন করার পদক্ষেপ গ্রহণ করতে হয়। কিন্তু নিয়মিত বা নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি তার মেয়াদকালের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করতে না পারার প্রেক্ষিতে সংশ্লিষ্ট শ্রেণির (প্রাথমিক, কেন্দ্রীয়, জাতীয়) সমবায় সমিতির আবেদনের প্রেক্ষিতে অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উদ্যোগী হয়ে, যেসকল প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকা পর্যন্ত, সেসকল প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে | ৩ দিন | বিনামূল্যে | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা-২০০৪ | প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে জেলা সমবায় অফিসার/যুগ্ম-নিবন্ধক, কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| | | | ৪. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার অন্যদিকে যেসকল প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্ধ্বে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে জেলা সমবায় অফিসার, কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে উপজেলা/মেট্রোপলিটন থানা/জেলা সমবায় অফিসারের মাধ্যমে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক এবং জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রদান করেন এবং নিয়োগ আদেশ সংশ্লিষ্ট সমিতি/দপ্তরে প্রেরণ করেন। নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি আইনানুগ সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান ব্যবস্থা গ্রহণকরত নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করেন। | | | | |
| ০৯ | জেলা/ বিভাগীয় সমবায় কার্যালয়/ সমবায় অধিদপ্তর | বিচারিক | ১. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>২. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক (বিচার), পরিদর্শক<br>৩. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | সমবায় সমিতির যেকোনো কার্যক্রম/নির্বাচন পরিচালনা করার ক্ষেত্রে উদ্ভূত বিরোধসংক্রান্ত বিষয়ে যেকোনো সদস্য সমিতি বা সমিতির কোনো সদস্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ডিসপুট মামলা দায়ের করতে পারেন। প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে জেলা সমবায় অফিসার কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক (বিচার) এবং জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধক/মহাপরিচালক বরাবরে ডিসপুট মামলা দায়ের করতে পারেন।<br><br>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমিতি বা সমিতির কোনো সদস্যের অভিযোগ প্রাপ্তির পর তারিখ, স্থান ও সময় উল্লেখপূর্বক উভয়পক্ষকে শুনানির নোটিশ জারি করেন।<br><br>অতঃপর নির্ধারিত তারিখ, স্থান ও সময় উভয় পক্ষের শুনানি গ্রহণপূর্বক রায় প্রদান করেন। রায়ের অনুলিপি তাঁর দপ্তরে সংরক্ষণসহ বাদী, বিবাদী ও সংশ্লিষ্ট দপ্তরকে প্রদান করেন। রায় অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃক (বাদী, বিবাদী ও সংশ্লিষ্ট দপ্তর) ব্যবস্থা গ্রহণ করে থাকেন। অথবা প্রদত্ত রায়ে সংক্ষুব্ধ পক্ষ রায় প্রদানকারীর পরবর্তী ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে আপীল আবেদন দাখিল ও আপীল রায়ের মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি হয়। | ৫-৯০ দিন | ১০০/- টাকা কোর্ট ফি | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ | যুগ্ম-নিবন্ধক/ নিবন্ধক ও মহাপরিচালক/ সচিব |

## ২.২ নাগরিক সেবার তথ্য সারণি

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসের নাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে) | সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় | প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ | সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ |
| ১০ | উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয় | প্রকল্প/ কর্মসূচিভুক্ত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার<br>২. সহকারী পরিদর্শক | সরকারি কর্মসূচির আওতায় গঠিত অর্থাৎ সরকারি কোনো প্রতিষ্ঠানের কর্মসূচি/প্রকল্পের আওতাভুক্ত প্রাপ্তবয়স্ক উপকারভোগী ২০ জন মিলে একটি প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার প্রদান করে থাকে। এরূপ সমবায় সমিতি নিবন্ধন পেতে হলে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:<br><br>সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে সংশ্লিষ্ট প্রকল্পের ২০ জনের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা,২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র নিজে অথবা সহকারী পরিদর্শক কর্তৃক সরজমিনে যাচাই করেন। যাচাই শেষে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের নিবন্ধনের বিষয়ে আপত্তি না থাকলে নিবন্ধন প্রদান এবং নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করবেন।<br><br>নিবন্ধনের আপত্তি থাকলে রেকর্ডপত্র সংশোধনের জন্য বা নিবন্ধন নামঞ্জুর করে নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান/আবেদনকারীর নিকট প্রেরণ করবেন। | ৭-৬০ দিন | ৫৭.৫০/- (সাতান্ন টাকা পঞ্চাশ পয়সা) [৫০/- টাকার ট্রেজারি চালান এবং ১৫% ভ্যাট] | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪<br>৩. মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১<br>৪. সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ | জেলা সমবায় কর্মকর্তা |